

যতিহীনরথী

—দেবাশিস চৌধুরী

তোমার নৃত্যের প্রতিটি মুদ্রা থেকে যে বিষবাষ্প
ভেসে আসে তাতে পুড়ে যায় সভ্যতার যাবতীয়
ইতিহাস পাঠ্যপুস্তকে তোমার নাম বিষময় হয়ে
থাকুক বিষহরি দেবী মনসার আহ্লাদের নিমিত্ত
হও তুমি মহাপ্রভু তোমাকে যে আসন দিয়েছেন
তার জন্য জগতের সমস্ত বিষকামনা জানাই
ধিক্কার জানিয়ে তোমার কর্মকে সাধারণ মানে
পৌছে দেবার ব্যর্থ প্রচেষ্টা চালিয়ে আমার জীবন
যাবে না আমার এখনও অনেক কিছু বাকি আমি
তো আর দেবব্রত ভীষ্ম নই যিনি দুর্যোধনের সকল
অপরাধ জানার পরেও বংশরক্ষায় কুরুপুত্রদের
জন্য শহীদ হয়েছিলেন-----

ইতি

যতিজ্ঞানহীন একপাপাত্মাকে তোমার সহ্য হবেনা